



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খণ্ড)/২০১১/৩২

তারিখঃ ১৮/০১/২০১৬ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৬৪ তম কমিশন সভা অদ্য ১৮/০১/২০১৬ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন, Summit Alliance Port Ltd. এর রাইট শেয়ার (১ R : ৫ অর্থাৎ বিদ্যমান ৫টি শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Summit Alliance Port Ltd. -কে কমিশন, ৩৪,৩৫২,৪৬৬টি সাধারণ শেয়ার প্রতিটি ১৫ টাকা মূল্যে (প্রতি শেয়ার টা: ৫/- প্রিমিয়ামসহ) বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৫১৫,২৮৬,৯৯০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে জমি ক্রয় এবং মেয়াদী ঋণ পরিশোধ করবে। রাইট শেয়ার ডকুমেন্ট অনুযায়ী ৩০ জুন, ২০১৫ তারিখে কোম্পানিটির শেয়ার প্রতি NAV টা: ২৮/- এবং জানুয়ারী ০১, ২০১০-জুন ৩০, ২০১৫ সময়কালে কোম্পানিটির শেয়ার প্রতি আয় টা: ১.৪৪ (Weighted Average)। এই রাইট ইস্যুর জন্য ইস্যু ম্যানেজার হিসেবে LankaBangla Investments Limited কাজ করছে।
২. কমিশন, Bangladesh National Insurance Company Limited এর ইতোপূর্বে ২৯/০৬/২০১৫ তারিখে স্থগিতকৃত IPO এর পুনরায় চাঁদাগ্রহণে চালুকরণের অনুমোদন প্রদান করেছে, যা ১৭ ফেব্রুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ পর্যন্ত চলবে।
৩. Shyamol Equity Management Limited (DSE Mem No. 03) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
 - খ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc)(i) লংঘন;
 - গ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A (1) ও (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৬ লংঘন; এবং
 - ঘ) নীরিক্ষিত আর্থিক প্রতিবেদন সঠিকভাবে সিকিউরিটিজ আইন অনুযায়ী প্রস্তুত না করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 5 (1) লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় Shyamol Equity Management Limited -কে ১৫ (পনের) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ Anwar Galvanizing এর ০৯/০৯/২০১৩ থেকে ২৬/০৯/২০১৩ পর্যন্ত সময়ের অস্বাভাবিক শেয়ারমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে তদন্ত পরবর্তী দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

Anwar Galvanizing এর শেয়ার মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণ হিসাবে Saad Securities Limited কিছু সিকিউরিটিজ আইন লংঘন করার প্রমাণ পাওয়া যায়। গ্রাহকের নিকট থেকে Saad Securities Limited প্রতিনিয়ত ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেন করে এবং গ্রাহকের হিসাবে শেয়ার ক্রয় করা সত্ত্বেও লেজার এ যথাযথভাবে প্রদর্শন করতে ব্যর্থ হয়।

উক্ত ঘটনাবলীর প্রেক্ষিতে Saad Securities Limited নিম্নলিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছেঃ

- ক) Securities and Exchange Rules, 1987 এর Section 8(1) লংঘন;
- খ) Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc) লংঘন; এবং
- গ) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় Saad Securities Limited -কে সভায় ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপাত্র।